কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

মহা ব্যবস্থাপক(বীজ) এর দপ্তর

স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০- ৪৬৩(৩৫)

তারিখ ঃ ১৯/০১/২০১২ খ্রিঃ

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ১২/০১/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৯তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ১২/০১/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৯তম সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী।

(মোঃ শাহ্ আলম)
সদস্য সচিব, সীড প্রমোশন কমিটি
কৃষি মন্ত্রণালয়
ও
মহা ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা
E-mail: gmseed@badc.gov.bd
ফোন ঃ ৯৫৫২৩১৭

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪। পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৬। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৮। পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৯। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
১০। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১২। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
১৩। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, কাদিরগঞ্জ, আমবাগান, রাজশাহী-৬২০২।
১৪। মহা ব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৫। অতিরিক্ত মহা ব্যবস্থাপক (খামার/বীপ্রস/বীবি/ কণ্ট্রো/সিডিপি ক্রপস), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক (বীআমক/বীউ/ডালও তৈল বীজ/মাবীসবৃ/প্রসবীউপ্রবি), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, ১৭/১ লেক সার্কাস, এ্যাপার্টমেন্ট নং-৩এ (৪র্থ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।

সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৩। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৪। মহা পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৫। মহা পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। মহা পরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৭। মহা পরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

E:\Seed Promotion Commitee\SPC Meeting-58.doc

# কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ১২/০১/২০১২ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির
## ৫৯তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৫৯তম সভা ১২/০১/২০১২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৫১২, ভবন নং-০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হয়। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব কাজী আখতার হোসেন সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ঘ' তে সন্নিবেশিত করা হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষ ২০১২-এর শুভেচ্ছাসহ নতুন বছরের ১ম সভায় স্বাগত জানান। এরপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি জনাব মোঃ শাহ্ আলমকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি সভায় উপস্থাপন করেন ঃ

**আলোচ্য সূচী ১ ঃ ১৩/১০/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৮তম সভার কার্য বিবরণী অনুমোদন।**

সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভায় উল্লেখ করেন যে, তাঁর দপ্তর স্মারক নং ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-১৩৩(৩৫) তারিখ ২৫/১০/২০১১ মাধ্যমে ৫৮তম সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। কার্যবিবরণীর বিষয়ে অদ্যাবধি কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, সভাপতি মহোদয় ৫৮তম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী, সংযোজন ও বিয়োজন না থাকলে উহা অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

এ পর্যায়ে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও মহা পরিচালক, বীজ উইং জনাব মোঃ আনোয়ার ফারুক সভায় জানান যে, সীড প্রমোশন কমিটির ৫৮তম সভায় চলতি ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ২৭৮৪ মে.টন ভিত্তি, ৭৭৫০ মে.টন প্রত্যায়িত ও ৫২৯৬৬ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ৬৩৫০০ মে.টন ইনব্রিড এবং ১০০৫ মে.টন হাইব্রিডসহ মোট ৬৪৫০৫ মে.টন বোরো ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এক্ষেত্রে মোট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা ৬৪৫০৫ মে.টন অপরিবর্তিত রেখে দেশে কৃষক পর্যায়ে চাহিদার প্রেক্ষিতে বি আর-৩ জাত ২০০ মে.টন থেকে বৃদ্ধি করে ৩০০ মে.টন , ব্রি ধান-২৮ জাত ৩২০০০ মে.টন থেকে কমিয়ে ২৮০০০ মে.টন, ব্রি ধান-২৯ জাত ২৭০০০ মে.টন থেকে বাড়িয়ে ২৯৭৫০ মে.টন , ব্রি ধান-৫০ জাত ৬৫০ মে.টন থেকে কমিয়ে ৩৫০ মে.টন এবং অন্যান্য জাতের ধান বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা কৃষক পর্যায়ে সরবরাহের বিপরীতে কম/ বেশী সমন্বয়পূর্বক বোরো বীজ উৎপাদন ও সংগ্রহ কার্যক্রম সংশোধনের প্রস্তাব করেন। সভায় প্রস্তাবিত বোরো বীজ উৎপাদন ও সংগ্রহ কার্যক্রম সংশোধনের বিষয়ে বিস্তারিতভাবে আলোচনায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। বিএডিসি'র মাধ্যমে চলতি ২০১১-১২ বর্ষে ২৭৮৪ মে.টন ভিত্তি, ৭৭৫০ মে.টন প্রত্যায়িত এবং ৫২৯৬৬ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ৬৩৫০০ মে.টন বিভিন্ন জাতের সংশোধিত আকারে ইনব্রিড বোরো ধান বীজ উৎপাদন ও সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে প্রস্তাব গৃহীত হয় (পরিশিষ্ট-গ)।

পরবর্তীতে সভায় কার্যবিবরণীর বিষয়ে অন্য কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে ২০১১-১২ বর্ষে বোরো বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে বিভিন্ন জাতের সংশোধনী প্রস্তাবটি অন্তর্ভুক্তিসহ ৫৮তম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী ২ ঃ ১৩/১০/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৮তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব ৫৮তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, সীড প্রমোশন কমিটির ৫৮তম সভায় ৫টি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়-যার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | বিষয় ঃ ২০১১-১২ বর্ষে বোরো ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।<br>সিদ্ধান্ত ঃ<br>(১) ২০১১-১২ বর্ষে ২৭৮৪ মে.টন ভিত্তি, ৭৭৫০ মে.টন প্রত্যায়িত এবং ৫২৯৬৬ মে.টন মানঘোষিতসহ মোট ৬৩৫০০ মে.টন ইনব্রিড বোরো ধান বীজ উৎপাদন করবে।<br>দায়িত্ব ঃ বিএডিসি ও এসসিএ | (১) সংস্থার খামারের মাধ্যমে ২৭৯০ মে.টন ভিত্তি শ্রেণী; কঃ গ্রোঃ জোনের মাধ্যমে ৭৭৫০ মে.টন প্রত্যয়িত শ্রেণী ও ৫২৯৬৬ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ৬৩৫০৬ মে.টন (৭৭৫০ + ৬,৫২০ + ৪৬,৫৩৫) ইনব্রিড বোরো বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। বর্তমানে মাঠ পর্যায়ে চারা রোপনের কাজ শেষ হয়েছে। |
| | (২) ২০১১-১২ বর্ষে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ৯টি জাতের ১৫৬৮০ কেজি এবং "বিনা" ২টি জাতের (বিনাধান-৬ ও বিনাধান-৮) ৪৩০ কেজি মৌল শ্রেণীর বোরো বীজ বিএডিসিকে সরবরাহ করবে।<br>দায়িত্ব ঃ ব্রি ও বিনা | (২) 'ব্রি' থেকে ১০টি জাতের ১৫,৪৫০ কেজি এবং 'বিনা' থেকে বিনা ধান-৮ জাতের ৪০০ কেজি প্রাপ্ত মৌল বীজ দ্বারা বিএডিসি'র নিজস্ব খামারের মাধ্যমে ২৫২৬ মে.টন ভিত্তি-১ শ্রেণীর বোরো বীজ উৎপাদন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | (৩) ২০১১-১২ বর্ষে বিএডিসি ১০০০ মে.টন SL-8H জাতের সুপার হাইব্রিড এবং ৫ মে.টন ব্রি হাইব্রিড ধান-২ জাতের বোরো বীজ উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি ও ব্রি | (৩) বিএডিসি নিজস্ব খামারের মাধ্যমে ৮৬০ মে.টন SL-8H জাতের সুপার হাইব্রিড ও ৫ মে.টন ব্রি-হাইব্রিড ধান-২ জাত সহ মোট ৮৬৫ মে.টন এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৪০ মে.টন SL-8H জাতের সুপার হাইব্রিডসহ সর্বমোট ১০০৫ মে.টন(৮৬৫+১৪০) হাইব্রিড বোরো ধান বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করছে। মাঠ পর্যায়ে **R** লাইনের চারা রোপনের কাজ চলছে। |
| | (৪) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। দায়িত্ব ঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান | (৪) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে বোরো মৌসুমে নতুন জাত সমূহের ২৪,৩০০টি প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। |
| | (৫) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, টিভি ও কৃষিকথাসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। দায়িত্ব ঃ কৃষি তথ্য সার্ভিস | (৫) কৃষি তথ্য সার্ভিসকে কর্মসূচি অনুযায়ী বিএডিসি'র উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, টিভিসহ সর্বাত্মক প্রচারণার কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়েছে। |
| | বিষয় ঃ ২০১১-১২ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে বোরো ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।<br>সিদ্ধান্ত ঃ ২০১১-১২ বর্ষে বিএডিসি'র বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে বিভিন্ন জাতের ৯০০০ মে.টন মানঘোষিত শ্রেণীর বোরো ধান বীজ উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি | বিএডিসি বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর আওতায় ১০টি জোনের মাধ্যমে ৫টি জাতের ৯০০০ মে.টন মানঘোষিত শ্রেণীর বোরো বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়ন করছে। বর্তমানে মাঠ পর্যায়ে চারা রোপন কাজ চলছে। |
| | বিষয় ঃ ২০১১-১২ বর্ষে গম বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।<br>সিদ্ধান্ত ঃ<br>(১) ২০১১-১২ বর্ষে ২২৫৭ মে.টন ভিত্তি, ৩২০০ মে.টন প্রত্যয়িত এবং ১৪৫৪৩ মে.টন মানঘোষিতসহ মোট ২০০০০ মে.টন গম বীজ উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি ও এসসিএ | (১) বিএডিসি নিজস্ব খামার ও কঃ গ্রোঃ জোনের মাধ্যমে ২২৩৮ মে.টন ভিত্তি শ্রেণী; কঃ গ্রোঃ জোনের মাধ্যমে ৩২০০ মে.টন প্রত্যয়িত শ্রেণী এবং ১৪৫৪৩ মে.টন মানঘোষিত শ্রেণী সহ মোট ১৯৯৮১ মে.টন (২২৩৮ + ৩২০০ + ১৪৫৪৩) গমবীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করছে। গম বীজ বপন কাজ শেষ হয়েছে। মাঠে দণ্ডায়মান ফসলের অবস্থা ভাল। |
| | (২) ২০১১-১২ বর্ষে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট'র গম গবেষণা কেন্দ্র ৩৬০৮০ কেজি মৌল গম বীজ বিএডিসিকে সরবরাহ করবে। দায়িত্ব ঃ বিএআরআই ও বিএডিসি | (২) গম গবেষণা কেন্দ্র ,বারি থেকে ২০১১-১২ বর্ষের জন্য প্রাপ্ত ৫টি জাতের মোট ৩৬০৮০ কেজি (শতাব্দী ৭৫২০ কেজি, বিজয় ৬০০০ কেজি, প্রদীপ ১১৫৪০ কেজি, বারি গম-২৫ জাতের ৫০২০ কেজি এবং বারি গম-২৬ জাতের ৬০০০ কেজি) ব্রিডার শ্রেণীর গমবীজ দ্বারা বিএডিসি নিজস্ব খামারে ৭৬৯ মে.টন ভিত্তি-১ শ্রেণীর গম বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করছে। |
| | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। দায়িত্ব ঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর গমের নতুন জাত সমূহের ১২,০০০টি প্রদর্শনী প্লট স্থাপন করেছে মর্মে সভাকে অবহিত করা হয়। |
| | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, টিভি ও কৃষিকথাসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। দায়িত্ব ঃ কৃষি তথ্য সার্ভিস | (৪) বিএডিসি'র উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য রেডিও, টিভি এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে সর্বাত্মক প্রচারণার ব্যবস্থা গ্রহণের জন্য কৃষি তথ্য সার্ভিস-কে অনুরোধ জনানো হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | বিষয় : ২০১১-১২ বর্ষে ভিত্তি গম বীজ উৎপাদনের ধারা অব্যাহত রাখার স্বার্থে ভিত্তি শ্রেণীর গম বীজ ব্যবহারের অনুমোদন।<br>সিদ্ধান্ত :<br>২০১১-১২ বর্ষে ভিত্তি শ্রেণীর গমবীজ উৎপাদনের জন্য ২০১০-১১ বর্ষে বিএডিসি'র উৎপাদিত ও মজুদকৃত ভিত্তি শ্রেণীর গম বীজ ব্যবহার করবে।<br>দায়িত্ব : বিএআরআই ও বিএডিসি | সীড প্রমোশন কমিটির ৫৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিএডিসি ইতোমধ্যে নিজস্ব খামারে ২২৩৮ মে.টন ভিত্তি শ্রেণীর গমবীজ উৎপাদন কর্মসূচি গ্রহণ করেছে। এ কর্মসূচি বাস্তবায়নে গম গবেষণা কেন্দ্র থেকে প্রাপ্ত ৩৬০৮০ কেজি ব্রিডার শ্রেণীর গমবীজ ব্যবহার করে বিএডিসি'র নিজস্ব খামারে ৭৬৯ মে.টন এবং বিএডিসি'র নিজস্ব উৎপাদিত ভিত্তি-১ শ্রেণীর গমবীজ ব্যবহার করে ১৪৬৯ মে.টন ভিত্তিসহ মোট ২২৩৮ মে.টন (৭৬৯+১৪৬৯) ভিত্তি শ্রেণীর গমবীজ উৎপাদন কার্যক্রম চলছে। মাঠ পর্যায়ে ফসলের অবস্থা ভাল। |
| | বিষয় : ২০১১-১২ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে গমবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।<br>সিদ্ধান্ত :<br>২০১১-১২ বর্ষে বিএডিসি'র বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে মোট ১৬০০ মে.টন মানঘোষিত শ্রেণীর গম বীজ উৎপাদন করবে।<br>দায়িত্ব : বিএডিসি | বিএডিসি বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর মাধ্যমে ৩টি জাতের মোট ১৬০০ মে.টন মানঘোষিত শ্রেণীর গমবীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করছে। গমবীজ বপনের কাজ শেষ হয়েছে। মাঠে দণ্ডায়মান ফসলের অবস্থা সন্তোষজনক। |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | ২০১২-১৩ বর্ষে আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভায় অবহিত করেন যে, বিএডিসি ২০০৯-১০ মৌসুমে ৮৬০ মে.টন ও ২০১০-১১ মৌসুমে ৯৪৪ মে.টন আউশ ধান বীজ সরবরাহ করেছে এবং ২০১১-১২ মৌসুমে সরবরাহের জন্য ৬৩২ মে.টন (৪৮৩ মে.টন ভিত্তি, ১২৫ মে.টন প্রত্যায়িত ও ২৪ মে.টন মানঘোষিত) আউশ বীজ সংরক্ষিত রয়েছে। তিনি বলেন যে, চলতি আউশ সংগ্রহ মৌসুমে বিরুপ আবহাওয়াজনিত কারণে লক্ষ্যমাত্রার চেয়ে আউশ বীজ সংগ্রহ কম হয়েছে। | (১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ৭৫০ মে.টন ভিত্তি ও ৬০০ মে.টন প্রত্যায়িত সহ মোট ১৩৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-ক)। | বিএডিসি ও এসসিএ |
| | | বীজ উৎপাদন প্রক্ষেপন অনুযায়ী ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১,৩৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে ২০১২-১৩ বর্ষে কৃষকদের মধ্যে সরবরাহের জন্য বিভিন্ন জাতের মোট ১৭৩০ মে.টন আউশ বীজের চাহিদা জানানো হয়েছে ।<br>তিনি আরো অবহিত করেন যে, ২০১২-১৩ বর্ষে আউশ ধান বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণকালে বিগত বছরসমূহের বীজ বিতরণের পরিসংখ্যান, বিপণন অঞ্চল হতে প্রাপ্ত চাহিদা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা ইত্যাদি বিষয় বিবেচনা করে ২০১২-১৩ বর্ষে আউশ উৎপাদন মৌসুমে সংস্থার খামারের মাধ্যমে ৭৫০ মে.টন ভিত্তি ও কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনের মাধ্যমে ৬০০ মে.টন প্রত্যায়িত শ্রেণীসহ মোট ১৩৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। | (২) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ২০১২-১৩ বর্ষে ১১টি জাতের ৬৭১০ কেজি ব্রিডার আউশ ধান বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (পরিশিষ্ট-ক)। ব্রি হতে ব্রিডার বীজ সরবরাহ অপ্রতুল হলে বিএডিসি ২০১১-১২ বর্ষে উৎপাদিত ও সংরক্ষিত নিজস্ব ভিত্তি ও প্রত্যায়িত/ মানঘোষিত শ্রেণীর বীজ ব্যবহার করবে। | ব্রি ও বিএডিসি |
| | | এ পর্যায়ে মহা পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় কৃষক পর্যায়ে চাহিদার আলোকে প্রস্তাবিত উৎপাদন কর্মসূচিতে বিআর-৩ জাত ৭৫ মে.টন থেকে বাড়িয়ে ১০০ মে.টন, বিআর-১৬ জাত ৫০ মে.টনের স্থলে বাড়িয়ে ১০০ মে.টন, বিআর-২১ জাত ১০ মে.টন, বিআর-২৪ জাত ১০ মে.টন, বিআর-২৬ জাত ৫৫০ মে.টন থেকে কমিয়ে | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। | ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৫০০ মে.টন, ব্রি ধান-৪২ জাত ১০০ মে.টন থেকে কমিয়ে ৫০ মে.টন, পারিজা জাতের ৫ মে.টন এবং অন্যান্য জাতসহ মোট ১৩৫০ মে.টন আউশ বীজ উৎপাদন কর্মসূচি গ্রহণের দিকনির্দেশনা প্রদান করেন। সভায় আউশ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণে প্রস্তাবিত বিভিন্ন জাত সংশোধনের বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে ৭৫০ মে.টন ভিত্তি এবং ৬০০ মে.টন প্রত্যায়িত শ্রেণীসহ মোট ১৩৫০ মে.টন বিভিন্ন জাতের আউশ বীজ সংশোধিত আকারে নির্ধারণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে প্রস্তাব গৃহীত হয়।<br><br>অতঃপর সদস্য সচিব সভায় আরো বলেন যে, ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণীর ১১টি জাতের ১৩৫০ মে.টন আউশ বীজ উৎপাদনের জন্য মোট ৬৭১০ কেজি ব্রিডার শ্রেণীর আউশ বীজ প্রয়োজন। উক্ত বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়নের জন্য বর্ণিত পরিমাণ ব্রিডার আউশ বীজ সরবরাহের জন্য 'ব্রি'-কে অনুরোধ জানানো হয়।<br><br>এ প্রেক্ষিতে ব্রি'-এর জিআরএস বিভাগ প্রধান ড. মোহাম্মদ খালেকুজ্জামান সভায় জানান যে, ২০১১-১২ মৌসুমে 'ব্রি' উৎপাদিত বিভিন্ন জাতের ব্রিডার আউশ বীজের মধ্যে ব্রি ধান-৪২ জাতের ১৬০ কেজি, ব্রি. ধান-৪৩ জাতের ১০০ কেজি এবং ব্রি ধান-৪৮ জাতের ৩৫০ কেজি অর্থাৎ মোট ৬১০ কেজিসহ অন্যান্য জাতের মৌলবীজ বিএডিসিকে সরবরাহ করা যাবে। | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, টিভিসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। | কৃষি তথ্য সার্ভিস |
| ০৪ | ২০১২-১৩ বর্ষে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০০৯-১০ বর্ষে ১২১৮ মে.টন এবং ২০১০-১১ বর্ষে ৮৪৬ মে.টন পাট বীজ বিতরণ করেছে। ২০১১-১২ বর্ষে ক্যারিওভারসহ দেশী ৫৭৩ মে.টন ও তোষা ১০৫২ মে. টনসহ মোট ১৬২৫ মে.টন বিভিন্ন জাতের পাট বীজ সরবরাহের লক্ষ্যে বীজ সংগ্রহ কার্যক্রম চলছে।<br><br>তিনি সভায় আরো জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে কৃষক পর্যায়ে সরবরাহের লক্ষ্যে ২০১২-১৩ মৌসুমের জন্য ১৩৫২ মে.টন পাট বীজের চাহিদা রয়েছে।<br><br>সদস্য সচিব সভায় উপস্থাপন করেন যে, বিএডিসি'র পাট বীজ কর্মসূচির প্রক্ষেপণ অনুযায়ী ২০১২-১৩ বর্ষে ভিত্তি শ্রেণীর ১১৬ মে.টন (দেশী ৬০ মে.টন ও তোষা ৫৬ মে.টন) এবং প্রত্যয়িত শ্রেণীর ১৬০৪ মে.টন (দেশী ৭০০ মে.টন ও তোষা ৯০৪ মে.টন) সহ মোট ১৭২০ মে.টন পাট বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। | (১) বিএডিসি ২০১২-১৩ বর্ষে ভিত্তি ৪৩ মে.টন (১৩ মে.টন দেশী ও ৩০ মে.টন তোষা) এবং প্রত্যায়িত শ্রেণীর ১৬০৭ মে.টন (৪৩৭ মে.টন দেশী ও ১১৭০ মে.টন তোষা) সহ মোট ১৬৫০ মে.টন পাট বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-খ)। | বিএডিসি ও এসসিএ |
| | | এমতাবস্থায়, বিগত বছরসমূহের পাটবীজ বিতরণের গতিধারা, কৃষক পর্যায়ে পাট বীজের চাহিদা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা – সকল বিষয় বিবেচনা করে সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৪০ মে.টন ভিত্তি এবং ১৫৮৫ মে.টন প্রত্যায়িত শ্রেণীর অর্থাৎ দেশী ৪৪৬ মে.টন ও তোষা ১১৭৯ মে.টনসহ মোট ১৬২৫ মে.টন পাট বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। | (২) ২০১২-১৩ বর্ষে 'বিজেআরআই' ৫টি জাতের ৪৮৫ কেজি এবং 'বিনা' ২টি জাতের ৪১ কেজিসহ মোট ৫২৬ কেজি ব্রিডার শ্রেণীর পাট বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (পরিশিষ্ট-খ)। | বিজেআরআই ও বিনা |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | এ পর্যায়ে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় কৃষক পর্যায়ে চাহিদার বিষয়টি লক্ষ্য রেখে প্রস্তাবিত উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে দেশী ৪৪৬ মে.টনের স্থলে ৪৫০ মে.টন এবং তোষা ১১৭৯ মে.টনের স্থলে ১২০০ মে.টনসহ বিভিন্ন জাতের মোট ১৬৫০ মে.টন পাট বীজ উৎপাদন কর্মসূচি গ্রহণের পরামর্শ প্রদান করেন। | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে। | ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান |
| | | বিনা'র পরিচালক(গবেষণা) জনাব ডঃ মোঃ আব্দুস ছালাম সভায় প্রস্তাব করেন যে, বিনা দেশী জাতের পাটের ফলন অন্যান্য জাতের তুলনায়-বেশী এবং কৃষক পর্যায়ে যথেষ্ট চাহিদা রয়েছে। তাছাড়া বিনা দেশী জাতের ব্রিডার শ্রেণীর পাট বীজ মজুদ রয়েছে বিধায় বিএডিসি'র চাহিদামত বীজ সরবরাহ করা সম্ভব হবে।<br>বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট-এর মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিএসও) জনাব ডঃ এম আব্বাস আলী সভায় অভিমত প্রকাশ করেন যে, কৃষক পর্যায়ে তোষা-ও-৭৯৫ জাতের পাটের যথেষ্ট চাহিদা রয়েছে এবং বিজেআরআই-এর নিকট ও-৭৯৫ জাতের ব্রিডার শ্রেণীর পাট বীজ মজুদ রয়েছে বিধায় বিএডিসি'র চাহিদামত বীজ সরবরাহ করা সম্ভব হবে। | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, টিভিসহ সকল প্রকার প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। | কৃষি তথ্য সার্ভিস |
| | | সীড ফেডারেশন অব বাংলাদেশ-এর সভাপতি জনাব মোঃ শাহজাহান আলী সভাকে জানান যে, বাংলাদেশে ভারতীয় জেআরও-৫২৪ জাতের তোষা পাট বীজ কৃষকের নিকট প্রচুর বিক্রি হয়। ভারত হতে বেসরকারী পর্যায়ে আমদানীকৃত এ সকল পাট বীজের গুণগতমান অনেক ক্ষেত্রেই নিম্নমানের। এর ফলে বাংলাদেশের কৃষকরা প্রায়শঃ প্রতারিত হয়। কাজেই বিএডিসি'র মাধ্যমে ভারতের মহারাষ্ট্র স্টেট সীড কর্পোরেশন থেকে প্রত্যায়িত শ্রেণীর জেআরও-৫২৪ জাতের কমপক্ষে ২০০ মে.টন বীজ আমদানী করা হলে বেসরকারীভাবে নিম্নমানের পাট বীজ আমদানীর প্রবণতা হ্রাস পাবে। বেসরকারীভাবে আমদানীকৃত পাট বীজের মান এবং বাজার মূল্য ভারসাম্য পর্যায়ে রাখার জন্য বিএডিসি'র মাধ্যমে কমপক্ষে ২০০ মে.টন প্রত্যায়িত শ্রেণীর জেআরও-৫২৪ জাতের পাট বীজ আমদানীর ব্যবস্থা নিতে তিনি প্রস্তাব করেন এবং এ বিষয়ে সকল সদস্য সর্বসম্মতিক্রমে একমত পোষণ করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় চলতি ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ২০০ মে.টন প্রত্যায়িত শ্রেণীর তোষা জেআরও-৫২৪ জাতের পাট বীজ আমদানীর জন্য বিএডিসিকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেন। | (৫) চলতি ২০১১-১২ বর্ষে বিএডিসি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রত্যায়িত শ্রেণীর জেআরও-৫২৪ জাতের ২০০ মে.টন তোষা পাট বীজ ভারতের মহারাষ্ট্র থেকে আমদানীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | কৃষি মন্ত্রণালয় ও বিএডিসি |
| | | বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে ভিত্তি ৪৫০ মে.টন ও প্রত্যায়িত ১২০০ মে.টনসহ মোট ১৬৫০ মে.টন পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য 'বিজেআরআই' থেকে ৫টি জাতের ৪৮৫ কেজি এবং 'বিনা' থেকে ২টি জাতের (বিনাদেশী পাট ও বিনা পাটশাক) ৪১ কেজি ব্রিডার শ্রেণীর পাট বীজ সরবরাহের প্রয়োজন। এ অবস্থায় প্রয়োজনীয় ৫২৬ কেজি (৪৮৫+৪১) ব্রিডার শ্রেণীর পাট বীজ বিএডিসি'র নিকট সরবরাহের জন্য গবেষণা প্রতিষ্ঠানদ্বয়কে সভার মাধ্যমে অনুরোধ জানানো হয়। | | |

সভার শেষ পর্যায়ে সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহা ব্যবস্থাপক(বীজ), বিএডিসি জনাব মোঃ শাহ্ আলম অবহিত করেন যে, তিনি ২২ জানুয়ারী ২০১২ তারিখে সংস্থার চাকরি থেকে অবসরে (পিআরএল) যাচ্ছেন। তাঁর চাকরির কর্মকালীন সময়ে সভার সদস্যবৃন্দের কাছ থেকে প্রাপ্ত সহযোগিতার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং একই সাথে তিনি সকলের দোয়া কামনা করেন।

এ পর্যায়ে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও মহা পরিচালক, বীজ উইং জনাব মোঃ আনোয়ার ফারুক তাঁর বক্তব্যে মহা ব্যবস্থাপক(বীজ), বিএডিসি এবং সীড প্রমোশন কমিটির সদস্য সচিব-এর দায়িত্ব পালনকালে জনাব মোঃ শাহ্ আলম-এর সুদীর্ঘ কর্মময় জীবন সম্পর্কে প্রশংসা করেন এবং অবসর জীবনের মঙ্গল কামনা করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সীড ফেডারেশন অব বাংলাদেশ-এর সভাপতি জনাব মোঃ শাহজাহান আলী বলেন যে, বিদায়ী কর্মকর্তা জনাব মোঃ শাহ্ আলম তাঁর কর্মময় জীবন শুরু করেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থায় যোগদানের মধ্য দিয়ে এবং সেখানে তিনি অত্যন্ত সুনামের সহিত দায়িত্ব পালন করেন। পরবর্তিতে তিনি বিএডিসি-তে চাকরিকালীন অত্যন্ত দক্ষতার সাথে এবং সুষ্ঠুভাবে কর্মময় জীবন শেষ করেন।

সদস্য পরিচালক(বীজ ও উদ্যান), বিএডিসি জনাব মোঃ নূরুজ্জামান তাঁর বক্তব্যে বিদায়ী মুক্তিযোদ্ধা কর্মকর্তার কর্মময় জীবনের দায়িত্বকালীন সময়ের বলিষ্ঠ ভূমিকা সম্পর্কে আলোকপাত করেন এবং তাঁর সুস্বাস্থ্য ও পরবর্তি জীবনের মঙ্গল কামনা করেন।

পরিশেষে সভাপতি মহোদয় ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে সীড প্রমোশন কমিটির সভার সকল কার্যক্রমে বিদায়ী কর্মকর্তার সহযোগিতার জন্য ভূয়সী প্রশংসা করেন এবং বিদায়ী কর্মকর্তাকে আন্তরিক ধন্যবাদ জানান। তাছাড়া তিনি তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বক্তব্য শেষ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কাজী আখতার হোসেন)
সভাপতি, সীড প্রমোশন কমিটি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়।

পরিশিষ্ট-ক

## সীড প্রমোশন কমিটির ৫৯তম সভায় বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের কার্যবিবরণী

| জাত | বীজ বিতরণ (মে. টন) | | বীজের মজুদ (২০১১-১২) (মে.টন) | | | | ডিএই'র চাহিদা (মে.টন) | ২০১২-১৩ বর্ষে আউশ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন) | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০০৯-১০ | ২০১০-১১ | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | মোট | ২০১২-১৩ | ভিত্তি | প্রত্যায়িত | মোট | ২০১২-১৩ | ২০১৩-১৪ |
| বিআর-৩ | ১৩৫.৩৫ | ৩৮.২৩ | ৪০.৫৯ | ৩৪.৭৩ | ১০.৫৪ | ৮৫.৮৬ | ৫০ | ৬৫ | ৩৫ | ১০০ | ৫০০ | ৫০০ |
| বিআর-১৪ | ৩২১.৬২ | ২৪৫.৭৫ | ১০১.২৮ | ৩৭.৪১ | ৩.৭৭ | ১৪২.৪৫ | ৮০ | ১৬০ | ৯০ | ২৫০ | ১০০০ | ১০০০ |
| বিআর-১৬ | | | | | | | | ২২ | ৭৮ | ১০০ | ৯৮০ | ৯৮০ |
| বিআর-২১ | ৪.৫৫ | ১.৫৬ | ৮.০৬ | | | ৮.০৬ | ৫০ | ১০ | | ১০ | ১০০ | ১০০ |
| বিআর-২৪ | ২.৬০ | ৮.২৬ | ৬.৫০ | | | ৬.৫০ | ৫০ | ১০ | | ১০ | ১০০ | ১০০ |
| বিআর-২৬ | ৩৪৬.২২ | ৫১৯.৪৬ | ২২৩.৮০ | ৪১.৩৩ | ৬.৯৩ | ২৭২.০৬ | .৮০০ | ৩৩৮ | ১৬২ | ৫০০ | ২৬০০ | ২৬০০ |
| ব্রি ধান-২৭ | ১৯.১১ | ৩৯.৮৪ | ২৬.৮৫ | ২.০৮ | | ২৮.৯৩ | ৩০০ | ৪৫ | ৮০ | ১২৫ | ৩৫০ | ৩৫০ |
| ব্রি ধান-৪২ | ১৮.৫৫ | ১৭.১১ | | | | ০.০০ | ২০০ | ২২ | ২৮ | ৫০ | ৪৮০ | ৪৮০ |
| ব্রি ধান-৪৩ | ৭.৭৪ | ১২.৬১ | ২০.৭৪ | | | ২০.৭৪ | ১০০ | ২২ | ৭৮ | ১০০ | ২০০ | ২০০ |
| ব্রি ধান-৪৮ | ৪.৫৫ | ৬১.৯৭ | ৫৫.৮৬ | ৯.৪৬ | | ৬৫.৩২ | ১০০ | ৫৬ | ৪৪ | ১০০ | ৩৫০ | ৩৫০ |
| পারিজা | | | | | ৩.০৪ | ৩.০৪ | | | ৫ | ৫ | ৫০ | ৫০ |
| মোট ঃ | ৮৬০.২৯ | ৯৪৪.৭৮ | ৪৮৩.৬৬ | ১২৫.০০ | ২৪.২৮ | ৬৩২.৯৪ | ১৭৩০ | ৭৫০ | ৬০০ | ১৩৫০ | ৬৭১০ | ৬৭১০ |

(মুসতাক আহমেদ)
উপব্যবস্থাপক(কর্মসূচি)
বিএডিসি, ঢাকা

(মোঃ আব্দুস সোবহান)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা

(মোঃ শাহ্ আলম)
মহা ব্যবস্থাপক(বীজ)
বিএডিসি, ঢাকা